# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১০৭ তারিখঃ ২১-০৫-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

"সাতক্ষীরা জেলার পোল্ডার নং-৭/১, ৭/২, ১৩-১৪/২ ও ১৪/১ পুনর্বাসন" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মাহমুদ ইলিয়াস, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা । | সদস্য |
| ৩। | জনাব গোলাম ফারুক আহমেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, যশোর। | সদস্য |
| ৫। | জনাব বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ আনোয়ার হোসাইন, গবেষণা কর্মকর্তা (মৎস্য), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | ড. মনিরুজ্জামান খান ইউসুফ জাই, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্প সংশ্লিষ্ট সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট নদী/খালের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan-এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনাসহ প্রয়োজনীয় রূপরেখা প্রণয়ন করবেন;

গ) বর্ণিত প্রকল্পের আওতায় জলাবদ্ধতা নিরসনে বাঁধ ও স্লুইসসমূহ সংস্কার, স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নসহ সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প এলাকার বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) পানি ধারণ ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান পানি অবকাঠামোর পূর্নবাসনসহ অন্যান্য কাজের বা পানি অবকাঠামো নির্মাণ/ পূনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশমালা পেশ করবেন;

ঘ) প্রযোজ্য ক্ষেত্রে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর পরিমাণ, ব্যবহার ও ব্যবস্থাপনা ব্যয় নিরূপণ করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সিড়ি ও বেঞ্চ নির্মাণ, গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ট) প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঠ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
২। জনাব মাহমুদ ইলিয়াস, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
৩। জনাব গোলাম ফারুক আহমেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর, বাপাউবো, যশোর।
৫। জনাব বেলাল উদ্দিন বিশ্বাস, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ আনোয়ার হোসাইন, গবেষণা কর্মকর্তা (মৎস্য), প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। ড. মনিরুজ্জামান খান ইউসুফ জাই, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
২-৩। প্রধান পরিকল্পনা/পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
৪-৫। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল/নকশা, বাপাউবো, খুলনা/ঢাকা।
৬-৮। যুগ্ম-প্রধান/পরিচালক, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর/পরিকল্পনা-২/, বাপাউবো, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
১০। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১২-১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৫০৭৪ ◆ তারিখঃ ২২।৫।১৯
প্রোগ্রামার ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা